**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সংঘর্ষ বিরতি নিয়ে পাকিস্তানের আচরনের দিকে তীক্ষ্ণভাবে নজর রাখছে ভারত জানিয়েছেন DGMO|**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে আজ নতুন দিল্লিতে তাঁর বাসভবনে এক উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়।**

**(৩) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, অপারেশন সিন্দুর শুধু একটি সামরিক পদক্ষেপ নয়, ভারতের রাজনৈতিক, সামাজিক এবং কৌশলগত সদিচ্ছার প্রতীক।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রক্তদান** উৎসবে **যুব সমাজের আরও বেশি করে সামিল হতে আহ্বান জানিয়েছেন।**

**(৫) ইসরোর চেয়ারম্যান ডঃ ভি. নারায়ণন বলেছেন, ভারতীয় মহাকাশ গবেষণা কর্মসূচিতে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির অংশগ্রহন উল্লেখযোগ্য |**

*******************************************************

## DGMO PRESS MEET:

সংঘর্ষ বিরতি নিয়ে পাকিস্তানের আচরনের দিকে তীক্ষ্ণভাবে নজর রাখছে ভারত | আজ নয়াদিল্লিতে এক ব্রিফিং-এ ভারতের ডিরেক্টর জেনারল অফ মিলিটারী অপারেশন DGMO-লেফটেনেন্ট জেনারেল রাজীব ঘাই এই কথা জানান | তিনি বলেন, গতকাল বিকেলে পাকিস্তানের DGMO-তাকে ফোন

করেন, সংঘর্ষ বিরতি নিয়ে অনুরোধ করেন| ভারত, সংঘর্ষ বিরতিতে রাজি হয় | কিন্তু তারপরেও গতকাল পাকিস্তানের তরফে সংঘর্ষ বিরতি লঙ্ঘন করার ঘটনা ঘটে পাকিস্তানের তরফে | এমন ঘটনা ঘটলে ভারত পাকিস্তানের বিরুদ্ধে উপযুক্ত ও কড়া ব্যবস্থা নিতে বাধ্য হবে | DGMO -লেফটেনেন্ট জেনারেল জানান, আগামীকাল দুই দেশের DGMO-র মধ্যে আলোচনার কথা রয়েছে | তিনি জানান ভারত, পাকিস্তানের মদতে সন্ত্রাসবাদী ঘাটি গুলোতে আঘাত করেছে | পাকিস্তানের সামরিক দিয়ে বেশকিছু গুরুত্বপূর্ণ ঘাটিও ধংস করা হয়েছে | তবে কোনো অসামরিক ক্ষেত্রে আঘাত করা হয় নি | ব্রিফিং-এ পাকিস্তানে ব্যাপক ক্ষয়ক্ষতির চিত্র পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তুলে ধরেন তিনি | তিনি পেহেলগাউ-এর ঘটনায় নিহতদের প্রতি গভীর শ্রদ্ধা জানান | ব্রিফিং –এ বায়ু সেনার পক্ষে এয়ার মার্শাল এ কে ভারতী, নৌ সেনার পক্ষে ভাইস এডমিরাল এ এন প্রমোদ বক্ত্যব্য রাখেন | ব্রিফিং –এ DGMO লেফটেনেন্ট জেনারেল রাজীব ঘাই বলেন

########BYTE DGMO ########

******************************

**High level Meeting:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে আজ নতুন দিল্লিতে তাঁর বাসভবনে এক উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল, চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, তিন বাহিনী'র প্রধান। দুই দেশের ডিরেক্টর জেনারেল অফ মিলিটারি অপারেশন্স (ডিজিএমও) একে অপরের সাথে কথা বলার পরে গতকাল দু'দেশের মধ্যে যুদ্ধবিরতির প্রেক্ষাপটে এই বৈঠক হয়।

******************************

**Defence Minister Rajnath Singh:**

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, অপারেশন সিন্দুর শুধু একটি সামরিক পদক্ষেপ নয়, ভারতের রাজনৈতিক, সামাজিক এবং কৌশলগত সদিচ্ছার প্রতীক। আজ ভার্চুয়েললক্ষ্ণৌ-তে ব্রহ্মোস অ্যারোস্পেস ইন্টিগ্রেশন এবং টেস্টিং ফ্যাসিলিটির উদ্বোধন করে শ্রী সিং বলেন, এই অপারেশন সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় ইচ্ছা এবং সামরিক শক্তির সক্ষমতা ও সংকল্পের এক প্রদর্শনী। শ্রী সিং বলেন, ভারতীয় বাহিনী পাকিস্তানে সন্ত্রাসী পরিকাঠামো ধ্বংস করার লক্ষ্যে অপারেশন সিন্দুর শুরু করে এবং তাদের অসামরিক ক্ষেত্রকে লক্ষ্য করা হয়নি।

##########Byte Rajnath Sing###########

*******************************

**CM- Blood donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রবি শংকরের দর্শন চিন্তাধারা আরো বেশি করে মানুষের মধ্যে ছড়িয়ে দিতে হবে| আজ শ্রী রবি শংকরের ৬৯ তম জন্ম দিবস উপলক্ষে বনমালীপুর আর্ট অব লিভিং-এর উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন| তিনি বলেন, তাঁর দর্শন হচ্ছে মানবিক মূল্যবোধ, ধ্যান ,জ্ঞান ভালোবাসার মধ্য দিয়ে মানুষের মন জয় করা। আজকের দিনে তাঁর প্রচার প্রসার আরো বেশি করে দরকার ।

########CM Byte########

এদিকে, আজ বনমালীপুরস্থিত রামঠাকুর সেবা মন্দিরের উদ্যোগে কৈবল্য ধামের চতুর্থ মোহন্ত মহারাজ ভবতোষ বন্দ্যোপাধ্যায়ের তিরোধান তিথি উপলক্ষ্যে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরের উদ্বোধন

করে মুখ্যমন্ত্রী, রক্তদান উৎসবে আরো বেশী করে সামিল হতে যুব সমাজের প্রতি আহ্বান জানান।এই দুটি শিবিরে মোট ৬৫ জন রক্তদান করেন|

******************************

**CPIM State Committee Meeting:**

ভারত পাকিস্থান সঙ্ঘর্ষ বিরতি সম্পর্কে দেশবাসীকে তথ্য দেওয়ার দাবী জানালেন সিপিআইএম পার্টির নবনির্বাচিত সর্বভারতীয় সাধারণ সম্পাদক এম এ বেবি। আজ আগরতলার মেলারমাঠে দলের সদর কার্যালয়ে ২৪ তম পার্টি কংগ্রেসের পর প্রথমবারের মতো সিপিআইএম রাজ্য কমিটির সভা শেষে সাংবাদিক সন্মেলনে একথা জানান তিনি। তিনি সংঘর্ষ বিরতি সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন পহেলগাঁওয়ের সন্ত্রাস, অপারেশন সিঁদুর এবং সংঘর্ষবিরতি সম্পর্কে দেশবাসীকে সব তথ্য জানানো জরুরি। সাংবাদিক সন্মেলনে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন|

******************************

**Buddha Jayanti:**

প্রত্যেক বছরের মতো এবারও যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে বৌদ্ধ ধর্মাবলম্বীদের পবিত্র উৎসব বুদ্ধ জয়ন্তী ।২৫৬৯ তম বুদ্ধ জয়ন্তী উৎসব ও বৈশাখী বুদ্ধপূর্ণিমা উপলক্ষে রাজ্যের মূল অনুষ্ঠানটির আয়োজন করা হয় আগরতলার বেনুবন বুদ্ধবিহারে। দুদিন ব্যাপী বুদ্ধজয়ন্তী উৎসবের অঙ্গ হিসেবে আজ সকালে বেনুবন বিহার কর্তৃপক্ষের পক্ষ থেকে আগরতলার ক্যান্সার হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। বিকেলে অনুষ্ঠিত হয় বসে আঁকো প্রতিযোগিতা। সন্ধ্যায় মন্দির প্রাঙ্গণে প্রদীপ প্রজ্জ্বলন করা হয়। আগামীকাল ভোরে বিশ্বশান্তির বার্তা নিয়ে বুদ্ধ পুজো ও সূত্রপাঠ, আগরতলা শহরে বুদ্ধ পূর্ণিমা শোভাযাত্রা, বুদ্ধ পতাকা উত্তোলন, বুদ্ধ পুজো ও সঙ্ঘদান, ধর্ম আলোচনা সহ বিভিন্ন ধর্মীয় কার্যক্রমের আয়োজন করা হবে।

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে রাজ্যবাসীকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ভগবান বুদ্ধ নৈতিকতা এবং প্রজ্ঞার অনুশীলনের মধ্য দিয়ে মানুষের জীবনের পথ দেখিয়েছেন। এই উৎসব ত্রিপুরাবাসীর মধ্যে আনন্দ, ভালোবাসা, সৌভ্রাতৃত্ব এবং খুশি বয়ে আনুক।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**ISRO Chairman:**

কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়, ইম্ফলের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান আজ লেম্বুছড়াস্থিত মৎস্য মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত হয়| সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার চেয়ারম্যান ডঃ ভি. নারায়ণন| সমাবর্তনে উত্তর পূর্বাঞ্চলের ১৩টি কলেজে পাঠরত ২৮টি রাজ্যের ১,৫০০ জনেরও বেশি শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়। ডঃ ভি

নারায়ণন তাঁর ভাষণে মহাকাশ কর্মসূচিতে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিভিন্ন বিষয় তুলে ধরেন|

########BYTE  Dr. V Narayanan########

অনুষ্ঠানে ভাষণ রাখেন, কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়, ইম্ফলের  আচার্য ডঃ পিকে যোশি, উপাচার্য ডঃ অনুপম মিশ্র প্রমুখ। পরে, ইসরো চেয়ারম্যান ডঃ ভি নারায়ণ এক সাক্ষাৎকারে আকাশবাণীকে জানান, আগামী মাসে নাসা-ইসরো সিন্থেটিক অ্যাপ্রোচ রাডার স্যাটেলাইট উৎক্ষেপণের সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, সিন্থেটিক অ্যাপ্রোচ রাডার স্যাটেলাইটটিতে দুটি প্রধান পেলোড রয়েছে এবং মাইক্রোওয়েভ রিমোট সেন্সিং স্যাটেলাইট রয়েছে। তিনি বলেন, একটি পেলোড তৈরি করেছে মার্কিন যুক্তরাষ্ট্র এবং আরেকটি তৈরি করেছে ভারত। ভারতের আসন্ন অভিযান এবং উৎক্ষেপণ সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেন, ১৮ মে, পিএসএলভি দ্বারা আরএ-স্যাট, সি ব্যান্ড সিন্থেটিক রাডার স্যাটেলাইট উৎক্ষেপণ করা হবে ৷

*******************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জাতীয় প্রযুক্তি দিবসে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন, এই দিবসটি দেশের বিজ্ঞানীদের প্রতি গর্ব ও কৃতজ্ঞতা প্রকাশ করার এবং ১৯৯৮ সালের পোখরান পরীক্ষাকে স্মরণ করার দিন। শ্রী মোদী উল্লেখ করেন, জনগণের দ্বারা পরিচালিত ভারত প্রযুক্তির বিভিন্ন দিকে, যেমন এআই, ডিজিটাল উদ্ভাবন, সবুজ প্রযুক্তি  ইত্যাদিতে বিশ্বব্যাপী নেতা হিসাবে উঠে আসছে। প্রধানমন্ত্রী বলেন, দেশ বিজ্ঞান ও গবেষণার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের ক্ষমতায়নের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে।

*******************************

**Conference:**

ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের কাঞ্চনবাড়ি মালটিপারপাস হলে আজ অনুষ্ঠিত হয়, রাষ্ট্রবাদী কর্মচারী কর্ডিনেশন কমিটির শাখা সন্মেলন। সন্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস। তিনি তাঁর ভাষণে বলেন, সরকারের কর্মধারা বাস্তবায়িত করে থাকেন কর্মচারীরা। সরকার কর্মচারীদের স্বার্থ রক্ষায় আন্তরিক।

এদিকে, ত্রিপুরা রাজ্য কর্মচারী সংঘের খোয়াই মন্ডলের এক সম্মেলন আজ স্থানীয় মহাদেব তিলে অনুষ্ঠিত হয়| সম্মেলনে উপস্থিত ছিলেন বিজেপি খোয়াই মন্ডল সভাপতি অনুকুল চন্দ্র দাস প্রমুখ|

*******************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় পান্থুই স্পোর্টিং সোসাইটি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় পান্থুই স্পোর্টিং সোসাইটি ২-0 গোলে সবুজ সংঘকে পরাজিত করে।

*******************************

**IMD – MONSOON:**

নির্ধারিত সময়ের আগে বর্ষা আসার পূর্বাভাস দিয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তর।পূর্বাভাসে বলা হয়েছে, দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু পয়লা জুনের পরিবর্তে ২৭শে মে কেরালা উপকূলে পৌঁছুতে পারে, যা স্বাভাবিকের তুলনায় পাঁচদিন আগে।

উল্লেখ্য, গত বছরের মত এই বছরেও আবহাওয়া দপ্তর স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে।

*****************************

*****************************